



ইব্রাহীম

Ibrahim

إِبْرَاهِيمَ

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. আলিফ-লাম-রা; এটি
একটি গ্রন্থ, যা আমি
আপনার প্রতি নাযিল
করেছি-যাতে আপনি
মানুষকে অন্ধকার থেকে
আলোর দিকে বের করে
আনেন-পরাক্রান্ত, প্রশংসার
যোগ্য পালনকর্তার নির্দেশে
তাঁরই পথের দিকে।

1. Alif. Lam. Ra. (This
is) a Book which We
have revealed to you
(Muhammad) that you
might bring mankind
out from darknesses
into the light, by the
permission of their
Lord, to the path of
the All Mighty, the
Owner of Praise.

الرَّكَفَ كِتَابٌ أَنْزَلْنَاهُ إِلَيْكَ لِتُخْرِجَ
النَّاسَ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ
بِإِذْنِ رَبِّهِمْ إِلَى صِرَاطِ الْعَزِيزِ
الْحَمِيدِ

2. তিনি আল্লাহ; যিনি
নভোমন্ডল ও ভূ-মন্ডলের
সবকিছুর মালিক।
কাফেরদের জন্যে বিপদ
রয়েছে, কঠোর আযাব;

2. Allah it is, to
whom belongs all that
is in the heavens and all
that is on the earth.
And woe unto the
disbelievers from severe
punishment.

اللَّهُ الَّذِي لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا
فِي الْأَرْضِ وَوَيْلٌ لِلْكَافِرِينَ مِنْ
عَذَابٍ شَدِيدٍ

3. যারা পরকালের চাইতে
পার্থিব জীবনকে পছন্দ
করে; আল্লাহর পথে বাধা
দান করে এবং তাতে
বক্রতা অব্বেষণ করে, তারা
পথ ভুলে দূরে পড়ে আছে।

3. Those who love the
life of this world over
the Hereafter, and
hinder (people) from
the path of Allah
and seek therein
crookedness, such are
in error, far away.

الَّذِينَ يَسْتَحِبُّونَ الْحَيَاةَ الدُّنْيَا
عَلَى الْآخِرَةِ وَيَصُدُّونَ عَنْ
سَبِيلِ اللَّهِ وَيَبْغُونَهَا عِوَجًا أُولَئِكَ
فِي ضَلَالٍ بَعِيدٍ

4. আমি সব পয়গম্বরকেই তাদের স্বজাতির ভাষাভাষী করেই প্রেরণ করেছি, যাতে তাদেরকে পরিষ্কার বোঝাতে পারে। অতঃপর আল্লাহ যাকে ইচ্ছা, পথঃভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা সৎপথ প্রদর্শন করেন। তিনি পরাক্রান্ত, প্রজ্ঞাময়।

5. আমি মূসাকে নিদর্শনাবলী সহ প্রেরণ করেছিলাম যে, স্বজাতিকে অন্ধকার থেকে আলোর দিকে আনয়ন এবং তাদেরকে আল্লাহর দিনসমূহ স্মরণ করান। নিশ্চয় এতে প্রত্যেক ধৈর্যশীল কৃতজ্ঞের জন্যে নিদর্শনাবলী রয়েছে।

6. যখন মূসা স্বজাতিকে বললেন: তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ স্মরণ কর যখন তিনি তোমাদেরকে ফেরাউনের সম্প্রদায়ের কবল থেকে মুক্তি দেন। তারা তোমাদেরকে অত্যন্ত নিকৃষ্ট ধরনের শাস্তি দিত, তোমাদের ছেলেদেরকে হত্যা করত এবং তোমাদের মেয়েদেরকে জীবিত রাখত। এবং এতে তোমাদের পালনকর্তার পক্ষ থেকে

4. And We have not sent any messenger except in the language of his people, that he might state (the message) clearly for them. Then Allah sends astray whom He wills, and guides whom He wills. And He is the All Mighty, the All Wise.

5. And indeed We sent Moses with Our signs, (saying) that: "Bring out your people from darkneses into light. And remind them of the days of Allah." Certainly, in that are sure signs for each steadfast, thankful.

6. And when Moses said to his people: "Remember Allah's favor upon you when He saved you from Pharaoh's people who were afflicting you with dreadful torment, and were slaughtering your sons and letting your women live. And in that was for you a tremendous trial from your Lord."

وَمَا أَرْسَلْنَا مِنْ رَّسُولٍ إِلَّا بِلِسَانِ
قَوْمِهِ لِيُبَيِّنَ لَهُمْ فَيُضِلَّ اللَّهُ مَنْ
يَشَاءُ وَيَهْدِي مَنْ يَشَاءُ وَهُوَ
الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٤﴾

وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا أَنْ
أَخْرِجْ قَوْمَكَ مِنَ الظُّلُمَاتِ إِلَى
النُّورِ وَذَكِّرْهُمْ بِأَيَّامِ اللَّهِ إِنَّ فِي
ذَلِكَ لَآيَاتٍ لِّكُلِّ صَبَّارٍ
شَكُورٍ ﴿٥﴾

وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ اذْكُرُوا
نِعْمَةَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ أَنْجَاكُمْ مِنْ
أَلِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوءَ
الْعَذَابِ وَ يُدَبِّجُونَ أَبْنَاءَكُمْ
وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ وَفِي ذَلِكَ
بَلَاءٌ مِّنْ رَبِّكُمْ عَظِيمٌ ﴿٦﴾

বিরাট পরীক্ষা হয়েছিল।

7. যখন তোমাদের পালনকর্তা ঘোষণা করলেন যে, যদি কৃতজ্ঞতা স্বীকার কর, তবে তোমাদেরকে আরও দেব এবং যদি অকৃতজ্ঞ হও তবে নিশ্চয়ই আমার শাস্তি হবে কঠোর।

7. And when your Lord proclaimed: "If you are grateful, I will surely increase you (in favor), and if you deny, indeed, My punishment is severe."

وَإِذْ تَأَذَّنَ رَبُّكُمْ لَئِن شَكَرْتُمْ لَأَزِيدَنَّكُمْ وَلَئِن كَفَرْتُمْ إِنَّ عَذَابِي لَشَدِيدٌ ﴿٧﴾

8. এবং মূসা বললেন: তোমরা এবং পৃথিবীর সবাই যদি কুফরী কর, তথাপি আল্লাহ অমুখাপেক্ষী, যাবতীয় গুণের আধার।

8. And Moses said: "If you disbelieve, you and whoever is on the earth together, then certainly, Allah is indeed Self Sufficient, Owner of all Praise."

وَقَالَ مُوسَىٰ إِنَّ تَكْفُرُوا أَنْتُمْ وَمَنْ فِي الْأَرْضِ جَمِيعًا فَإِنَّ اللَّهَ لَغَنِيٌّ حَمِيدٌ ﴿٨﴾

9. তোমাদের কাছে কি তোমাদের পূর্ববর্তী কওমে নূহ, আদ ও সামুদের এবং তাদের পরবর্তীদের খবর পৌঁছেনি? তাদের বিষয়ে আল্লাহ ছাড়া আর কেউ জানে না। তাদের কাছে তাদের পয়গম্বরের প্রমানাদি নিয়ে আগমন করেন। অতঃপর তারা নিজেদের হাত নিজেদের মুখে রেখে দিয়েছে এবং বলেছে, যা কিছু সহ তোমাদেরকে প্রেরণ করা হয়েছে, আমরা তা মানি না এবং যে পথের দিকে তোমরা আমাদেরকে দাওয়াত দাও, সে সম্পর্কে আমাদের মনে সন্দেহ আছে,

9. Has there not reached you the news of those before you, the people of Noah, and Aaad, and Thamud, and those after them. None knows them but Allah. To them came their messengers with clear proofs, but they thrust their hands into their mouths, and said: "Indeed, we disbelieve in that with which you have been sent, and indeed we are in grave doubt of that to which you invite us."

أَلَمْ يَأْتِكُمْ نَبَأُ الَّذِينَ مِنْ قَبْلِكُمْ قَوْمِ نُوحٍ وَعَادٍ وَثَمُودَ وَالَّذِينَ مِنْ بَعْدِهِمْ لَا يَعْلَمُهُمْ إِلَّا اللَّهُ جَاءَهُمْ رَسُولُهُمْ بِالْبَيِّنَاتِ فَرَدُّوا أَيْدِيَهُمْ فِي أَفْوَاهِهِمْ وَقَالُوا إِنَّا كَفَرْنَا بِمَا أُرْسِلْتُمْ بِهِ وَإِنَّا لَفِي شَكِّ مِمَّا تَدْعُونَنَا إِلَيْهِ مُرِيبٍ ﴿٩﴾

যা আমাদেরকে উৎকণ্ঠায় ফেলে রেখেছে।

10. তাদের পয়গম্বরগণ বলেছিলেন: আল্লাহ সম্পর্কে কি সন্দেহ আছে, যিনি নভোমন্ডল ও ভূমন্ডলের স্রষ্টা? তিনি তোমাদেরকে আহ্বান করেন যাতে তোমাদের কিছু গুনাহ ক্ষমা করেন এবং নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত তোমাদের সময় দেন। তারা বলত: তোমরা তো আমাদের মতই মানুষ! তোমরা আমাদেরকে ঐ উপাস্য থেকে বিরত রাখতে চাও, যার এবাদত আমাদের পিতৃপুরুষগণ করত। অতএব তোমরা কোন সুস্পষ্ট প্রমাণ আনয়ন কর।

11. তাদের পয়গম্বর তাদেরকে বলেন: আমরাও তোমাদের মত মানুষ, কিন্তু আল্লাহ বান্দাদের মধ্য থেকে যার উপরে ইচ্ছা, অনুগ্রহ করেন। আল্লাহর নির্দেশ ব্যতীত তোমাদের কাছে প্রমাণ নিয়ে আসা আমাদের কাজ নয়; ঈমানদারদের আল্লাহর উপর ভরসা করা চাই।

12. আমাদের আল্লাহর উপর ভরসা না করার কি

10. Their messengers said: "Can there be any doubt about Allah, the Creator of the heavens and the earth. He calls you that He may forgive you of your sins and give you respite for a term appointed." They said: "You are not but mortals like us. You wish to turn us away from what our fathers used to worship. Then bring to us a clear authority."

11. Their messengers said to them: "We are not but mortals like yourselves, but Allah bestows favor upon whom He wills of His slaves. And it is not ours that we bring you an authority, except by the permission of Allah. And upon Allah let those who believe put their trust."

12. "And what is it with us that we should not

قَالَتْ رُسُلُهُمْ أَلِيَّ اللَّهِ شَكٌّ فَاطِرِ
السَّمَوَاتِ وَالْأَرْضِ يَدْعُوكُمْ
لِيَغْفِرَ لَكُمْ مِنْ دُنُوبِكُمْ
وَيُؤَخِّرَكُمْ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى قَالُوا
إِنْ أَنْتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا تُرِيدُونَ
أَنْ تَصُدُّونَا عَمَّا كَانَ يَعْبُدُ
آبَاؤُنَا فَأْتُونَا بِسُلْطَنِ مُّبِينٍ ﴿١٠﴾

قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ إِنْ نَحْنُ إِلَّا
بَشَرٌ مِّثْلُكُمْ وَلَكِنَّ اللَّهَ يَمُنُّ عَلَىٰ
مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَمَا كَانَ لَنَا
أَنْ نَأْتِيَكُمْ بِسُلْطَنِ إِلَّا بِإِذْنِ اللَّهِ
وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١١﴾

وَمَا لَنَا أَلَّا نَتَوَكَّلَ عَلَى اللَّهِ وَقَدْ

কারণ থাকতে পারে, অথচ তিনি আমাদেরকে আমাদের পথ বলে দিয়েছেন। তোমরা আমাদেরকে যে পীড়ন করেছ, তজ্জনে আমরা সবর করব। ভরসাকারিগণের আল্লাহর উপরই ভরসা করা উচিত।

put our trust upon Allah, and indeed He has guided us our ways. And we shall certainly bear with patience of what hurt you may cause us. And upon Allah let those who trust put their trust.”

هَدَيْنَا سُبُلَنَا وَلَنَصْبِرَنَّ عَلَى مَا
أَذِيتُمُونَا وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ
الْمُتَوَكِّلُونَ ﴿١٢﴾

13. কাফেররা পয়গম্বরগণকে বলেছিল: আমরা তোমাদেরকে দেশ থেকে বের করে দেব অথবা তোমরা আমাদের ধর্মে ফিরে আসবে। তখন তাদের কাছে তাদের পালনকর্তা ওহী প্রেরণ করলেন যে, আমি জালিমদেরকে অবশ্যই ধ্বংস করে দেব।

13. And those who disbelieved said to their messengers: “We will surely drive you out from our land, or you must return to our religion. ”So their Lord revealed to them: “Surely, We shall destroy the wrong doers.”

وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِرُسُلِهِمْ
لَنُخْرِجَنَّكُمْ مِنْ أَرْضِنَا أَوْ
لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا فَأَوْحَى إِلَيْهِمْ
رَبُّهُمْ لَئِنَّهُمْ لَظَالِمِينَ ﴿١٣﴾

14. তাদের পর তোমাদেরকে দেশে আবাদ করব। এটা ঐ ব্যক্তি পায়, যে আমার সামনে দন্ডায়মান হওয়াকে এবং আমার আযাবের ওয়াদাকে ভয় করে।

14. “And surely, We shall make you dwell in the land after them. That is for him who fears standing before Me and fears My threat.”

وَلَنُصَلِّبَنَّكُمْ فِي الْأَرْضِ مِنْ
بَعْدِهِمْ ذَلِكَ لِمَنْ خَافَ مَقَامِي
وَخَافَ وَعِيدِ ﴿١٤﴾

15. পয়গম্বরগণ ফয়সালা চাইতে লাগলেন এবং প্রত্যেক অবাধ্য, হঠকারী ব্যর্থ কাম হল।

15. And they sought victory (from their Lord), and was bought to a complete loss every obstinate, arrogant dictator.

وَأَسْتَفْتَحُوا وَخَابَ كُلُّ جَبَّارٍ
عَنِيدٍ ﴿١٥﴾

16. তার পেছনে দোযখ রয়েছে। তাতে পুঁজ

16. Beyond him there is Hell, and he will

مِنْ وَرَائِهِ جَهَنَّمُ وَيُسْقَى مِنْ

মিশানো পানি পান
করানো হবে।

be made to drink of
festering water.

مَاءٍ صَدِيدٍ ﴿١١﴾

17. ঢোক গিলে তা পান
করবে। এবং গলার ভিতরে
প্রবেশ করতে পারবে না।
প্রতি দিক থেকে তার কাছে
মৃত্যু আগমন করবে এবং
সে মরবে না। তার
পশ্চাতেও রয়েছে কঠোর
আযাব।

17. He will sip it
unwillingly, and not
quite swallow it, and
death will come to him
from every side, yet
he will not die. And
beyond him will be a
great punishment.

يَتَجَرَّعُهُ وَلَا يَكَادُ يُسِيغُهُ وَيَأْتِيهِ
الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَمَا هُوَ
بِمَيِّتٍ وَمِنْ وَرَائِهِ عَذَابٌ
غَلِيظٌ ﴿١٢﴾

18. যারা স্বীয় পালনকর্তার
সত্তার অবিশ্বাসী তাদের
অবস্থা এই যে, তাদের
কর্মসমূহ ছাইভস্মের মত
যার উপর দিয়ে প্রবল
বাতাস বয়ে যায়
ধূলিঝড়ের দিন। তাদের
উপার্জনের কোন অংশই
তাদের করতলগত হবে না।
এটাই দুর্বলতা পথভ্রষ্টতা।

18. The parable of
those who disbelieve in
their Lord is (that)
their deeds are like
ashes, which the wind
blows furiously on
a stormy day. No
power have they over
anything that they
have earned. That is
the straying, far away.

مَثَلُ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ
أَعْمَاهُمْ كَرَمَادٍ اشْتَدَّتْ بِهِ
الرِّيحُ فِي يَوْمٍ عَاصِفٍ لَا
يُقَدِرُونَ مِمَّا كَسَبُوا عَلَى شَيْءٍ
ذَلِكَ هُوَ الضَّلَالُ الْبَعِيدُ ﴿١٣﴾

19. তুমি কি দেখনি যে,
আল্লাহ নভোমন্ডল ও
ভূমন্ডল যথাবিধি সৃষ্টি
করেছেন? যদি তিনি ইচ্ছা
করেন, তবে তোমাদেরকে
বিলুপ্তিতে নিয়ে যাবেন এবং
নতুন সৃষ্টি আনয়ন
করবেন।

19. Have you not
seen that Allah has
created the heavens
and the earth in truth.
If He wills, He
could take you away
and bring in a new
creation.

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ بِالْحَقِّ إِنَّ يَئُشَا
يُذْهِبُكُمْ وَيَأْتِ بِخَلْقٍ جَدِيدٍ ﴿١٤﴾

20. এটা আল্লাহর পক্ষে
মোটাই কঠিন নয়।

20. And that is not at
all difficult for Allah.

وَمَا ذَلِكَ عَلَى اللَّهِ بِعَزِيزٍ ﴿١٥﴾

21. সবাই আল্লাহর সামনে
দন্ডায়মান হবে এবং

21. And they shall
appear before Allah all

وَبَرَزُوا لِلَّهِ جَمِيعًا فَقَالَ الضُّعَفَاءُ

দুর্বলেরা বড়দেরকে বলবে: আমরা তো তোমাদের অনুসারী ছিলাম-অতএব, তোমরা আল্লাহর আযাব থেকে আমাদেরকে কিছুমাত্র রক্ষা করবে কি? তারা বলবে: যদি আল্লাহ আমাদেরকে সৎপথ দেখাতেন, তবে আমরা অবশ্যই তোমাদের কে সৎপথ দেখাতাম। এখন তো আমাদের ধৈর্য্যচ্যুত হই কিংবা সবর করি-সবই আমাদের জন্যে সমান আমাদের রেহাই নেই।

22. যখন সব কাজের ফায়সলা হয়ে যাবে, তখন শয়তান বলবে: নিশ্চয় আল্লাহ তোমাদেরকে সত্য ওয়াদা দিয়েছিলেন এবং আমি তোমাদের সাথে ওয়াদা করেছি, অতঃপর তা ভঙ্গ করেছি। তোমাদের উপর তো আমার কোন ক্ষমতা ছিল না, কিন্তু এতটুকু যে, আমি তোমাদেরকে ডেকেছি, অতঃপর তোমরা আমার কথা মেনে নিয়েছ। অতএব তোমরা আমাকে ভৎসনা করো না এবং নিজেদেরকেই ভৎসনা কর। আমি তোমাদের উদ্ধারে

together, then the weak ones will say to those who were arrogant: "Indeed, we were following you, so can you avail us against the punishment of Allah anything." They will say: "If Allah had guided us, we would have guided you. It is all the same for us, whether we rage or have patience. For us (there is) not any place of refuge."

22. And Satan will say when the matter has been decided: "Indeed, Allah promised you the promise of truth. And I (too) promised you, then I betrayed you. And I did not have over you any authority except that I invited you and you responded to me. So do not blame me, and blame yourselves. I cannot help you, and you cannot help me. Indeed, I disbelieved in that which you ascribed to me before.

لِلَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ مُّعْتَدُونَ عَنَّا مِنْ عَذَابِ اللَّهِ مِنْ شَيْءٍ قَالُوا لَوْ هَدَانَا اللَّهُ لَهَدَيْنَاكُمْ سَوَاءٌ عَلَيْنَا أَجْرِعْنَا أَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَحِيصٍ ﴿١١﴾

وَقَالَ الشَّيْطَانُ لَمَّا قُضِيَ الْأَمْرُ إِنَّ اللَّهَ وَعَدَكُمْ وَعَدَ الْحَقُّ وَيَعِدُّكُمْ فَأَخْلَفْتُكُمْ وَمَا كَانَ لِي عَلَيْكُمْ مِنْ سُلْطَانٍ إِلَّا أَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِي فَلَا تَلُمُونِي وَلَوْلَمُوا أَنْفُسَكُمْ مَا أَنَا بِمُصْرِخِكُمْ وَمَا أَنْتُمْ بِمُصْرِخِيَّ إِنِّي كَفَرْتُ بِمَا أَشْرَكْتُمُونِ مِنْ قَبْلُ إِنَّ الظَّالِمِينَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١٢﴾

সাহায্যকারী নই। এবং তোমরাও আমার উদ্ধারে সাহায্যকারী নও। ইতোপূর্বে তোমরা আমাকে যে আল্লাহর শরীক করেছিলে, আমি তা অস্বীকার করি। নিশ্চয় যারা জালেম তাদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

Indeed, the wrong doers, for them is a painful punishment.”

23. এবং যারা বিশ্বাস স্থাপন করে এবং সংকর্ম সম্পাদন করে তাদেরকে এমন উদ্যানে প্রবেশ করানো হবে, যার পাদদেশ দিয়ে নির্ঝরিনী সমূহ প্রবাহিত হবে তারা তাতে পালনকর্তার নির্দেশে অনন্তকাল থাকবে। যেখানে তাদের সম্ভাষণ হবে সালাম।

23. And those who believed and did righteous deeds will be admitted to gardens underneath which rivers flow, abiding therein with the permission of their Lord. Their greeting therein will be: “Peace.”

وَأُدْخِلَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ تَحِيَّتُهُمْ فِيهَا سَلَامٌ ﴿٢٣﴾

24. তুমি কি লক্ষ্য কর না, আল্লাহ তা'আলা কেমন উপমা বর্ণনা করেছেনঃ পবিত্র বাক্য হলো পবিত্র বৃক্ষের মত। তার শিকড় মজবুত এবং শাখা আকাশে উন্মিত।

24. Have you not seen how Allah sets forth a parable. A good saying like a good tree, its root sets firm, and its branches (reaching) into sky.

أَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللَّهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ ﴿٢٤﴾

25. সে পালনকর্তার নির্দেশে অহরহ ফল দান করে। আল্লাহ মানুষের জন্যে দৃষ্টান্ত বর্ণনা করেন-যাতে তারা চিন্তা-ভাবনা করে।

25. Giving its fruit at all times, by the permission of its Lord. And Allah sets forth parables for mankind that perhaps they will reflect.

تُؤْتِي أَكْلَهَا كُلِّ حِينٍ بِإِذْنِ رَبِّهَا وَيَضْرِبُ اللَّهُ الْأَمْثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٢٥﴾

26. এবং নোংরা বাক্যের উদাহরণ হলো নোংরা বৃক্ষ। একে মাটির উপর থেকে উপড়ে নেয়া হয়েছে। এর কোন স্থিতি নেই।

26. And the parable of an evil saying is like an evil tree, uprooted from above the earth, not possessing any stability.

وَمَثَلُ كَلِمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ اجْتُثَّتْ مِنْ فَوْقِ الْأَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ ﴿٦٦﴾

27. আল্লাহ তা'আলা মুমিনদেরকে মজবুত বাক্য দ্বারা মজবুত করেন। পার্থিবজীবনে এবং পরকালে। এবং আল্লাহ জালেমদেরকে পথভ্রষ্ট করেন। আল্লাহ যা ইচ্ছা, তা করেন।

27. Allah keeps firm those who believe, by a firm saying, in the life of this world and in the Hereafter. And Allah will cause to go astray those who are wrong doers. And Allah does what He wills.

يُثَبِّتُ اللَّهُ الَّذِينَ آمَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ وَيُضِلُّ اللَّهُ الظَّالِمِينَ^{٦٧} وَيَفْعَلُ اللَّهُ مَا يَشَاءُ ﴿٦٧﴾

28. তুমি কি তাদের কে দেখনি, যারা আল্লাহর নেয়ামতকে কুফরে পরিণত করেছে এবং স্ব-জাতিকে সম্মুখীন করেছে ধ্বংসের আলয়ে।

28. Did you not see at those who have exchanged Allah's favor with ingratitude, and settled their people to the abode of ruin.

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ بَدَّلُوا نِعْمَتَ اللَّهِ كُفْرًا وَأَحَلُّوا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ^{٦٨}

29. দোমখের? তারা তাতে প্রবেশ করবে সেটা কতই না মন্দ আবাস।

29. Hell, in which they will (enter to) burn, and an evil place to settle in.

جَهَنَّمَ يَصْلَوْنَهَا وَبِئْسَ الْقَرَارُ ﴿٦٨﴾

30. এবং তারা আল্লাহর জন্যে সমকক্ষ স্থির করেছে, যাতে তারা তার পথ থেকে বিচ্যুত করে দেয়। বলুনঃ মজা উপভোগ করে নাও। অতঃপর তোমাদেরকে অগ্নির দিকেই ফিরে যেতে হবে।

30. And they set up rivals to Allah that they may mislead (people) from His path. Say: "Enjoy for a while, then certainly, your journey's end will be to the Fire."

وَجَعَلُوا لِلَّهِ أَنْدَادًا لِيُضِلُّوا عَنْ سَبِيلِهِ قُلْ تَمَتَّعُوا فَإِنَّ مَصِيرَكُمْ إِلَى النَّارِ ﴿٦٩﴾

31. আমার বান্দাদেরকে বলে দিন যারা বিশ্বাস স্থাপন করেছে, তারা নামায কামেম রাখুক এবং আমার দেয়া রিযিক থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করুক ঐদিন আসার আগে, যেদিন কোন বেচা কেনা নেই এবং বন্ধুত্বও নেই।

31. Say (O Muhammad) to My those slaves who have believed that they should establish prayer and spend from what We have provided them, secretly and publicly, before that there comes a day in which there will be no bargaining, nor friendship.

قُلْ لِعِبَادِيَ الَّذِينَ آمَنُوا يُقِيمُوا
الصَّلَاةَ وَيُنْفِقُوا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا
وَعَلَانِيَةً مِّن قَبْلِ أَنْ يَأْتِيَ يَوْمٌ لَا
بِيعَ فِيهِ وَلَا خِلَالٌ ﴿٣١﴾

32. তিনিই আল্লাহ, যিনি নভোমন্ডল ও ভূমন্ডল সৃজন করেছেন এবং আকাশ থেকে পানি বর্ষণ করে অতঃপর তা দ্বারা তোমাদের জন্যে ফলের রিযিক উৎপন্ন করেছেন এবং নৌকাকে তোমাদের আজ্ঞাবহ করেছেন, যাতে তাঁর আদেশে সমুদ্রে চলা ফেরা করে এবং নদ-নদীকে তোমাদের সেবায় নিয়োজিত করেছেন।

32. Allah is He who has created the heavens and the earth, and He sent down water from the sky, producing thereby of the fruits as provision for you. And He has made the ships to be of service to you, that they may sail through the sea by His command, and He has made rivers to be of service to you.

اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ وَأَنْزَلَ مِنَ السَّمَاءِ
مَاءً فَأَخْرَجَ بِهِ مِنَ الثَّمَرَاتِ
رِزْقًا لَّكُمْ وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ
لِتَجْرِيَ فِي الْبَحْرِ بِأَمْرِهِ وَسَخَّرَ
لَكُمُ الْأَنْهَارَ ﴿٣٢﴾

33. এবং তোমাদের সেবায় নিয়োজিত করেছেন সূর্যকে এবং চন্দ্রকে সর্বদা এক নিয়মে এবং রাত্রি ও দিবাকে তোমাদের কাজে লাগিয়েছেন।

33. And He has made to be of service to you the sun and the moon, constantly pursuing their courses. And He has made of service to you, the night and the day.

وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ
دَائِبِينَ وَسَخَّرَ لَكُمُ اللَّيْلَ
وَالنَّهَارَ ﴿٣٣﴾

34. যে সকল বস্তু তোমরা চেয়েছ, তার প্রত্যেকটি থেকেই তিনি তোমাদেরকে দিয়েছেন। যদি আল্লাহর নেয়ামত গণনা কর, তবে গুণে শেষ করতে পারবে না। নিশ্চয় মানুষ অত্যন্ত অন্যাযকারী, অকৃতজ্ঞ।

34. And He gave you from all that you asked of Him. And if you would count the blessings of Allah, never will you be able to count them. Certainly, man is indeed a wrong doer, exceedingly ungrateful.

وَأْتِكُمْ مِّنْ كُلِّ مَّا سَأَلْتُمُوهُ
وَإِنْ تَعُدُّوا نِعْمَتَ اللَّهِ لَا تَحْصُوهَا إِنَّ الْإِنْسَانَ لَظَلُومٌ
كَفَّارٌ ﴿٣٤﴾

35. যখন ইব্রাহীম বললেনঃ হে পালনকর্তা, এ শহরকে শান্তিময় করে দিন এবং আমাকে ও আমার সন্তান সন্তাতিকে মূর্তি পূজা থেকে দূরে রাখুন।

35. And when Abraham said: “O my Lord, make this city (Makkah) secure, and keep me and my sons away from worshipping idols.”

وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ اجْعَلْ هَذَا
الْبَلَدَ آمِنًا وَاجْنُبْنِي وَبَنِيَّ أَنْ
نَعْبُدَ الْأَصْنَامَ ﴿٣٥﴾

36. হে পালনকর্তা, এরা অনেক মানুষকে বিপথগামী করেছে। অতএব যে আমার অনুসরণ করে, সে আমার এবং কেউ আমার অবাধ্যতা করলে নিশ্চয় আপনি ক্ষমাশীল, পরম দয়ালু।

36. “O my Lord, they indeed have led astray many among mankind. So whoever follows me, then he is indeed of me. And whoever disobeys me, then You are certainly Oft Forgiving, Most Merciful.”

رَبِّ إِنَّهُمْ أَضَلُّوا كَثِيرًا مِّنَ
النَّاسِ فَمَنْ تَبِعْنِي فَإِنَّهُ مِنِّي وَمَنْ
عَصَانِي فَإِنَّكَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٣٦﴾

37. হে আমাদের পালনকর্তা, আমি নিজের এক সন্তানকে তোমার পবিত্র গৃহের সন্নিহিত চাষাবাদহীন উপত্যকায় আবাদ করেছি; হে আমাদের পালনকর্তা, যাতে তারা নামায কায়েম রাখে। অতঃপর আপনি কিছু লোকের অন্তরকে

37. “O our Lord, I have indeed settled some of my offspring in an uncultivated valley near your sacred House. O our Lord, that they may establish prayer. So make the hearts among the

رَبَّنَا إِنِّي أَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِي بُوَادٍ
غَيْرِ ذِي زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ
رَبَّنَا لِيقِيمُوا الصَّلَاةَ فَاجْعَلْ
أَفِيدَةً مِّنَ النَّاسِ تَهْوِي إِلَيْهِمْ
وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرَاتِ لَعَلَّهُمْ

তাদের প্রতি আকৃষ্ট করুন
এবং তাদেরকে ফলাদি
দ্বারা রুমী দান করুন,
সম্ভবতঃ তারা কৃতজ্ঞতা
প্রকাশ করবে

people affectionately
inclined toward them,
and provide for them
from the fruits that they
might be thankful.”

يَشْكُرُونَ ﴿٧٧﴾

38. হে আমাদের
পালনকর্তা, আপনি তো
জানেন আমরা যা কিছু
গোপনে করি এবং যা কিছু
প্রকাশ্য করি। আল্লাহর
কাছে পৃথিবীতে ও আকাশে
কোন কিছুই গোপন নয়।

38. “O our Lord,
certainly You know
that which we conceal
and that which we
proclaim. And is not
hidden from Allah
anything on the earth,
nor in the heavens.”

رَبَّنَا إِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِي وَمَا نَعْلُنُ
وَمَا يُخْفِي عَلَى اللَّهِ مِنْ شَيْءٍ فِي
الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ ﴿٧٨﴾

39. সমস্ত প্রশংসা
আল্লাহরই, যিনি আমাকে
এই বার্ধক্যে ইসমাইল ও
ইসহাক দান করেছেন
নিশ্চয় আমার পালনকর্তা
দোয়া শ্রবণ করেন।

39. “All the praises
be to Allah who has
given me, in my old
age, Ishmael and Isaac.
Surely, my Lord is
indeed the All Hearer
of supplication.”

الْحَمْدُ لِلَّهِ الَّذِي وَهَبَ لِي عَلَى
الْكِبَرِ إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ إِنَّ رَبِّي
لَسَمِيعُ الدُّعَاءِ ﴿٧٩﴾

40. হে আমার পালনকর্তা,
আমাকে নামায
কায়েমকারী করুন এবং
আমার সন্তানদের মধ্যে
থেকেও। হে আমাদের
পালনকর্তা, এবং কবুল
করুন আমাদের দোয়া।

40. “O my Lord,
make me to establish
prayer, and from my
offspring (also). O our
Lord, and accept my
supplication.”

رَبِّ اجْعَلْنِي مُقِيمَ الصَّلَاةِ وَمِنْ
ذُرِّيَّتِي رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءِ ﴿٨٠﴾

41. হে আমাদের
পালনকর্তা, আমাকে,
আমার পিতা-মাতাকে এবং
সব মুমিনকে ক্ষমা করুন,
যেদিন হিসাব কায়েম হবে।

41. “O our Lord,
forgive me and my
parents and the
believers on the day
when the reckoning
will be established.”

رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ
وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ
الْحِسَابُ ﴿٨١﴾

42. জালেমরা যা করে, সে সম্পর্কে আল্লাহকে কখনও বেখবর মনে করো না তাদেরকে তো ঐ দিন পর্যন্ত অবকাশ দিয়ে রেখেছেন, যেদিন চক্ষুসমূহ বিস্ফোরিত হবে।

42. And do not think that Allah is unaware of what the wrong doers do. He merely gives them respite until a day wherein eyes will stare in horror.

وَلَا تَحْسَبَنَّ اللَّهَ غَافِلًا عَمَّا يَعْمَلُ
الظَّالِمُونَ^ط إِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ
تَشْخَصُ فِيهِ الْأَبْصَارُ^ل

43. তারা মস্তক উপরে তুলে ভীত-বিহ্বল চিত্তে দৌড়াতে থাকবে। তাদের দিকে তাদের দৃষ্টি ফিরে আসবে না এবং তাদের অন্তর উড়ে যাবে।

43. (They will be) hastening forward, their heads lifted up, their gaze not returning towards them, and their hearts as empty.

مُهْطِعِينَ مُقْنِعِي رُءُوسِهِمْ لَا
يَرْتَدُّ إِلَيْهِمْ طَرْفُهُمْ وَأَفْئِدَتُهُمْ
هَوَاءٌ^ط

44. মানুষকে ঐ দিনের ভয় প্রদর্শন করুন, যেদিন তাদের কাছে আযাব আসবে। তখন জালেমরা বলবে: হে আমাদের পালনকর্তা, আমাদেরকে সামান্য মেয়াদ পর্যন্ত সময় দিন, যাতে আমরা আপনার আহ্বানে সাড়া দিতে এবং পয়গম্বরগণের অনুসরণ করতে পারি। তোমরা কি ইতোপূর্বে কসম খেতে না যে, তোমাদেরকে দুনিয়া থেকে যেতে হবে না?

44. And warn mankind of a day when the punishment will come upon them, then those who did wrong will say: “Our Lord, relieve us for a little while. We will answer Your call and will follow the messengers.” (It will be answered): “And had you not sworn before (that there) would not be any decline for you.”

وَأَنْذِرِ النَّاسَ يَوْمَ يَأْتِيهِمُ
الْعَذَابُ فَيَقُولُ الَّذِينَ ظَلَمُوا
رَبَّنَا أَخْرِنَا إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ نُّجِبْ
دَعْوَتَكَ وَنَتَّبِعِ الرَّسُولَ أَوْ لَمْ
تَكُونُوا أَقْسَمْتُمْ مِّنْ قَبْلِ
مَالِكُمْ^ل مِّنْ زَوَالٍ^ط

45. তোমরা তাদের বাসভূমিতেই বসবাস করতে, যারা নিজেদের উপর জুলুম করেছে এবং তোমাদের জানা হয়ে গিয়েছিল যে, আমি তাদের

45. “And you dwelt in the dwellings of those who wronged themselves (of old) and it became clear to you how We dealt with

وَسَكَنْتُمْ فِي مَسْكِنِ الَّذِينَ
ظَلَمُوا أَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ
كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبْنَا لَكُمْ

সাথে কিরূপ ব্যবহার
করেছি এবং আমি
তোমাদেরকে ওদের সব
কাহিনীই বর্ণনা করেছি।

46. তারা নিজেদের মধ্যে
ভীষণ চক্রান্ত করে নিয়েছে
এবং আল্লাহর সামনে
রক্ষিত আছে তাদের কু-
চক্রান্ত। তাদের কুটকৌশল
পাহাড় টলিয়ে দেয়ার মত
হবে না।

47. অতএব আল্লাহর প্রতি
ধারণা করো না যে, তিনি
রসূলগণের সাথে কৃত
ওয়াদা ভঙ্গ করবেন নিশ্চয়
আল্লাহ পরাক্রমশালী,
প্রতিশোধ গ্রহণকারী।

48. যেদিন পরিবর্তিত
করা হবে এ পৃথিবীকে অন্য
পৃথিবীতে এবং পরিবর্তিত
করা হবে আকাশ সমূহকে
এবং লোকেরা পরাক্রমশালী
এবং আল্লাহর সামনে পেশ
হবে।

49. তুমি ঐদিন
পাপীদেরকে পরস্পরে
শৃংখলা বদ্ধ দেখবে।

50. তাদের জামা হবে
দাহ্য আলকাতরার এবং
তাদের মুখমন্ডলকে আগুন
আচ্ছন্ন করে ফেলবে।

them. And We put
forth parables for
you.”

46. And indeed, they
plotted their plot, and
their plot was with
Allah. And even
though their plot was
such whereby the
mountains should be
moved.

47. So do not think
that Allah will fail to
keep His promise to
His messengers.
Certainly, Allah is All
Mighty, All Able of
Retribution.

48. The day when the
earth will be changed
to another earth, and
the heavens (also) and
they will come forth
to Allah, the One, the
Irresistible.

49. And you will see
the criminals on that
day bound together in
shackles.

50. Their garments
of pitch (tar), and fire
covering their faces.

الْأَمْثَالِ ﴿٤٥﴾

وَقَدْ مَكَرُوا مَكَرَهُمْ وَعِنْدَ اللَّهِ
مَكَرُهُمْ ^ط وَإِنْ كَانَ مَكَرُهُمْ
لَيَتْرُكُنَّ مِنْهُ الْجِبَالُ ﴿٤٦﴾

فَلَا تَحْسَبَنَّ اللَّهَ فَخْلَفَ وَعْدِهِ
رُسُلَهُ إِنَّ اللَّهَ عَزِيزٌ ذُو
انْتِقَامٍ ^ط ﴿٤٧﴾

يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ
وَالسَّمَوَاتُ وَبَرَزُوا لِلَّهِ الْوَاحِدِ
الْقَهَّارِ ﴿٤٨﴾

وَتَرَى الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ
مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ ﴿٤٩﴾

سَرَابِئِلُهِمْ مِّنْ قَطْرَانٍ وَتَعْشَى
وَجُوهَهُمُ النَّارُ ^ل ﴿٥٠﴾

51. যাতে আল্লাহ প্রত্যেককে তার কৃতকর্মের প্রতিদান দেন। নিশ্চয় আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী।

51. That Allah may recompense each soul for what it has earned. Truly, Allah is swift at reckoning.

لِيَجْزِيَ اللَّهُ كُلَّ نَفْسٍ مَّا كَسَبَتْ إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ ﴿٥١﴾

52. এটা মানুষের একটি সংবাদনামা এবং যাতে এতদ্বারা ভীত হয় এবং যাতে জেনে নেয় যে, উপাস্য তিনিই-একক; এবং যাতে বুদ্ধিমানরা চিন্তা-ভাবনা করে।

52. This is a proclamation for mankind and that they may be warned by it, and that they may know that He is only One God, and that those of understanding may take heed.

هَذَا بَلَّغٌ لِلنَّاسِ وَلِيُنذَرُوا بِهِ وَلِيَعْلَمُوا أَنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ وَلِيَذَّكَّرَ أُولُو الْأَلْبَابِ ﴿٥٢﴾

